দৈনিক ইত্তেফাক

11 SEP 1989
তারিখ 11 SEP 1989
পৃষ্ঠা ১ কলাম ৭

32

# বিশ্ববিদ্যালয়ে নূতন নিয়োগ স্থগিত

বাসস : সকল বিশ্ববিদ্যালয়ে নূতন অধ্যাপক, কর্মকর্তা এবং কর্মচারী নিয়োগ স্থগিত করা হই-

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## নূতন নিয়োগ স্থগিত

(১ম পৃ: পর)

য়াছে। একই সঙ্গে চাকুরীতে নূতন নিয়োগ, পদোন্নতি এবং মানোন্নতকরণও স্থগিত করা হইয়াছে।

গতকাল (রবিবার) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সূত্রে এ খবর জানা যায়।

এনাম কমিটির রিপোর্ট অমান্য এবং সরকারী নীতি-নিয়ম অগ্রাহ্য করিয়া বহুসংখ্যক পদে নিয়োগ প্রদান এবং মানোন্নতকরণের জন্য সরকার এই নির্দেশ জারি করিয়াছেন।

সূত্রটি জানায়, ভারসাম্য রক্ষার জন্য শিক্ষা মন্ত্রণালয় এবং সংস্থাপন বিভাগের সঙ্গে আলোচনার ভিত্তিতে অবশ্য নূতন নিয়োগ, পদোন্নতি এবং পদের মানোন্নতকরণের ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে। প্রতিটি বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রেই এই নিয়ম প্রযোজ্য হইবে।